গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০১.০১১.১৬-৪৪৬

তারিখ : ০৫ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

৩৪ তম বি.সি.এস. পরীক্ষা-২০১৩ এর ফলাফলের ভিত্তিতে নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৩/১০/২০১৬ তারিখের নং-৮০.১০৯.০৩৬. ০০.০০.০০১.২০১৫-৩৫৪ এবং ১৮/১২/২০১৬ তারিখের নং-৮০.১০৯.০৩৬. ০০.০০.০০১.২০১৫-৩৯৫ সংখ্যক স্মারকপত্রের সুপারিশক্রমে পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্যগত প্রতিবেদনের আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ৩০.১০.২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০১.০১১.১৬-৮২৩ নং প্রজ্ঞাপনে নিম্নবর্ণিত ০২ (দুই) জন প্রার্থীকে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা হয়। কিন্তু অসুস্থতাজনিকত কারণে তাঁরা যথাসময়ে চাকরিতে যোগদান করেননি। তাঁদের আবেদন ও চিকিৎসা সনদের প্রেক্ষিতে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক/শিক্ষিকা পদে (দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার) জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে (গ্রেড-১০) নিম্নলিখিত শর্তে নিয়োগপূর্বক তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পদায়ন করা হলো:

(ক) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত পেশাগত ও বিশেষ যে কোন ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) তাঁকে ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিস সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঙ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকরি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে জমা দিতে হবে;

*চলমান পাতা/-২*

(ট) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

(ঠ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৭ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ/৩০ এপ্রিল, ২০১৮ খ্রিস্টাব্দ পূর্বাহ্নে পদায়িত বিদ্যালয়ে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হ'ল। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল মর্মে গণ্য হবে।

০৩। (১) **পদের নাম** : **সহকারী শিক্ষক (ইংরেজি)**
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক)জন

| | | |
|---|---|---|
| ১. | পলাশ কুমার দাস<br>পিতান নাম: মৃত, নিত্য গোপাল দাস<br>রেজি নম্বর-০৫৭২০৭<br>গ্রাম: রিকতইড়, ডাকঘর: কাঞ্চন<br>উপজেলা: বিরল, জেলা:দিনাজপুর | সহকারী শিক্ষক (ইংরেজি)<br>নেকমরদ আলিমুদ্দীন সরকারি উচ্চ বিদ্যালয়<br>রাণীশংকৈল, ঠাকুরগাঁও। |

(২) **পদের নাম** : **সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)**
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক)জন

| | | |
|---|---|---|
| ২. | মো: তারেক হোসেন<br>পিতা- মো: আব্দুল লতিফ<br>রেজি নম্বর-০৩৫১৪৭<br>গ্রাম/শহর: শ্রীরামপুর, ডাকঘর: জামলা<br>উপজেলা: দুমকি, জেলা: পটুয়াখালী | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)<br>ভান্ডারিয়া বন্দর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়<br>ভান্ডারিয়া, পিরোজপুর। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮/০৪/২০১৮

(আবু আলী মো: সাজ্জাদ হোসেন)
উপসচিব
☏ ৯৫৭৬৭৮০

নং-৩৭.০০.০০০০.০৭১.০১.০১১.১৬-৪৪৬

তারিখ : ০৫ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের মূল আবেদনপত্র, পুলিশী তদন্ত রিপোর্ট ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট-এর মূল কপি এতদসংগে প্রেরণ করা হ'ল। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা উক্ত কর্মকর্তাদের ব্যক্তিগত নথি খুলবে এবং এসব মূল কাগজপত্র ও আবেদনপত্রগুলো সংরক্ষণ করবে)।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। প্রধান শিক্ষক, ................................................ (পদায়িত শিক্ষকের যোগদানের পর যোগদান সংক্রান্ত প্রতিবেদন আগামী ১৫/৫/২০১৮ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করতে হবে। নিয়োগপ্রাপ্ত বিদ্যালয়ে পদ শূন্য না থাকলে প্রার্থীকে নির্ধারিত তারিখে অবশ্যই বিদ্যালয়ে যোগদান করতে দিয়ে বিষয়টি জরুরি ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অবহিত করতে হবে)।
১২। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ............. .............
১৪। জনাব ..........................................................................................
১৫। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৮/০৪/২০১৮

(আবু আলী মো: সাজ্জাদ হোসেন)
উপসচিব